

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.২৩

তারিখ: ১০ পৌষ ১৪২৪
২৪ ডিসেম্বর ২০১৭

বিষয়: "আয়কর ভবন, কর অঞ্চল-নারায়ণগঞ্জ" প্রকল্প বাস্তবায়নের জন্য ১৮৪(একশত চুরাশি) শতাংশ জমি কর অঞ্চল-নারায়ণগঞ্জের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: সূত্র-১: তাঁর দপ্তরের স্মারক নং- কঃঅঃনাঃ/কর ভবন/২০১৭-২০১৮/৭৪৪, তারিখঃ ২৮/১১/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অনলাইনে রিটার্ন দাখিলসহ একই ছাদের নীচে রাজস্ব আদায় সম্পর্কিত সকল কাজ সম্পাদনপূর্বক করবান্ধব পরিবেশ তৈরী ও কর সেবার মানোন্নয়নের জন্য জেলা পর্যায়ে নিজস্ব আয়কর ভবন নির্মাণের জন্য ১৮৪(একশত চুরাশি) একর ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র চাওয়া হয়েছে। প্রাপ্ত তথ্য ও উপাত্ত যাচাই করে দেখা যায় যে, প্রেরিত পত্রের সাথে অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্যাদি অনুপস্থিত। অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য নিম্নলিখিত তথ্য ও উপাত্ত প্রয়োজনঃ

১. আর এস মৌজা ম্যাপের উপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত জমির দাগসূচীসহ সাইট প্ল্যান বা প্রস্তুতকৃত নকশা।
২. প্ল্যানিং কমিশন স্ট্যান্ডার্ড অনুযায়ী সংশ্লিষ্ট সংস্থা অথবা স্থাপত্য অধিদপ্তর কর্তৃক জমির প্রাপ্যতার প্রত্যয়ন পত্র।
৩. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক জমির অনাপত্তি পত্র।
৪. প্রত্যাক্ষী সংস্থা কর্তৃক মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র।
৫. প্রস্তাবিত ভূমির মৌজার নাম ও সিট নাম্বারসহ আর এস দাগসূচী।

এমতাবস্থায় জমি অধিগ্রহণের জন্য অনাপত্তি ছাড়পত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে তথ্যাদি সরবরাহ করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-১২-২০ ১৭

কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার
ফোন: ৯৫৭২২৮১

মোঃ রেজাউল করিম চৌধুরী, কর কমিশনার

কর অঞ্চল- নারায়ণগঞ্জ, এইচ.আর.কমপ্লেক্স, পূর্ব ইসদাই, ফতুল্লা, নারায়ণগঞ্জ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭.২৩/১(২)

তারিখ: ১০ পৌষ ১৪২৪
২৪ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর(পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইট এ আপলোডের অনুরোধসহ)

২৪-১২-২০ ১৭

ইসরাত জাহান
প্ল্যানার